## Paper Code : IV-A

Full Marks : 20 | Time : Thirty Minutes

Choose the correct answer.

Each question carries 1 mark.

১। প্রাবন্ধিক গোপাল হালদারের মতে, একালের বাঙালি সংস্কৃতির সঙ্গে তার পূর্ববর্তী যুগের বাঙালি সংস্কৃতির তফাৎ —

(A) গুণগত, মানগত, পরিমাণগত

(B) বিষয়গত, বস্তুগত, পরিবেশগত

(C) ভাবগত, ভাবনাগত, চরিত্রগত

(D) কালগত, বস্তুগত, গুণগত

২। "ভালোবাসতে পারা-না-পারার এই সমস্যাই 'যোগাযোগ'-এর ________ সমস্যা"- শূন্যস্থানে বসবে —

(A) প্রধান

(B) বিশেষ

(C) কেন্দ্রীয়

(D) ভাবগত

৩। "যিনি সুকবি, তিনিই সুগায়ক, ইহা অতি বিরল—মন্তব্যটি করেছেন —

(A) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়

(B) রবীন্দ্রনাথ ঠাকুর

(C) প্রমথ চৌধুরী

(D) গোপাল হালদার

*Turn Over*



৪। "সব দেশেই রেনেসাঁস ________"

(A) দেশভিত্তিক অথবা ধর্মভিত্তিক

(B) দেশভিত্তিক অথবা ভাষাভিত্তিক

(C) ধর্মভিত্তিক অথবা সমাজভিত্তিক

(D) দেশভিত্তিক অথবা সমাজভিত্তিক

৫। ২৩ জুন, ১৮৯১-এর চিঠিটি কোথা থেকে রবীন্দ্রনাথ লিখেছিলেন?

(A) সাজাদপুর

(B) কালিগ্রাম

(C) শিলাইদহ

(D) পতিসর

৬। 'মেঘদূতম্' কাব্যের কবি কে?

(A) বাল্মীকি

(B) ভবভূতি

(C) কালিদাস

(D) ভারবি

৭। "সরস্বতীর বীণার তারেও ঝন্‌ঝন্‌ শব্দে ঝংকার দিতে হইবে আবার বীণার কাষ্ঠদণ্ড লইয়াও ঠক্‌ঠক্‌ শব্দে লাঠি খেলিতে হইবে"—উক্তিটি কোন্‌ প্রবন্ধে রয়েছে?

(A) গীতিকাব্য

(B) এ আমির আবরণ

(C) শকুন্তলা

(D) কবি সংগীত

৮। নীচের কোন্‌টি পত্রসাহিত্যের উদাহরণ?

(A) নদীপথে — অতুলচন্দ্র গুপ্ত

(B) চিঠির দর্পণে — সুভাষ মুখোপাধ্যায়

(C) শয়নযান — ভাস্কর চক্রবর্তী

(D) ঘুমিয়ে পড়া অ্যালবাম — শঙ্খ ঘোষ

৯। ডায়ারি আকারে লিখিত রবীন্দ্র উপন্যাস —

(A) মালঞ্চ

(B) ঘরে বাইরে

(C) চতুরঙ্গ

(D) যোগাযোগ

১০। রামগিরি পর্বতের উল্লেখ আছে —

(A) 'মেঘদূত' এ

(B) 'রঘুবংশ' এ

(C) 'ঋতুসংহার' এ

(D) 'ভট্টিকাব্য' এ

১১। গোপাল হালদারের 'বাঙালি সংস্কৃতির রূপরেখা' যে মূল গ্রন্থ থেকে গৃহীত হয়েছে —

(A) সংস্কৃতি ও সময়

(B) সংস্কৃতির ভাবনা

(C) সংস্কৃতির দশদিগন্ত

(D) সংস্কৃতির বিশ্বরূপ

Turn Over



১২। শেক্সপিয়ারের 'টেম্পেস্ট' এ বহিঃপ্রকৃতি কিসের মধ্যে মনুষ্য আকার ধারণ করেছে —

(A) প্রস্পেরো-র মধ্যে

(B) এরিয়েল-এর মধ্যে

(C) কারমেন-এর মধ্যে

(D) মিরান্দা-র মধ্যে

১৩। "আমাদের দেশের করুণ রাগিনী ছাড়া সমস্ত মানুষের পক্ষে, চিরকালীন মানুষের পক্ষে, আর কোন গান সম্ভব না"— এই উক্তি করেছেন—

(A) গোপাল হালদার

(B) বুদ্ধদেব বসু

(C) রবীন্দ্রনাথ ঠাকুর

(D) শঙ্খ ঘোষ

১৪। 'Paradise Lost' কাব্যের কবি —

(A) জন মিলটন

(B) জন কিট্‌স

(C) জন ডান

(D) বায়রন

১৫। "টেম্পেস্ট-এ শক্তি, শকুন্তলায় ________"

(A) মুক্তি

(B) শান্তি

(C) ভক্তি

(D) প্রেম

P - II (1+1+1) H / 19 (N)

2019

# BENGALI (Honours)

## Paper Code : IV-B

## [New Syllabus]

Full Marks : 80    Time : Three Hours Thirty Minutes

দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের মান নির্দেশক।

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও।

১। ব্যক্তিগত ও বস্তুনিষ্ঠ প্রবন্ধের পার্থক্য কি, উদাহরণসহ আলোচনা করো। ১০

অথবা,

সমালোচনা কখন সাহিত্য হয়ে ওঠে—একটি উল্লেখযোগ্য সাহিত্য সমালোচনামূলক গ্রন্থ অবলম্বনে বিষয়টি সংক্ষেপে বুঝিয়ে দাও। ১০

২। যে কোনো একটি সংক্ষিপ্ত পরিচয় দাও। ৫×১=৫

পত্রসাহিত্য, জীবনীমূলক সমালোচনা, ভ্রমণ সাহিত্য।

৩। "নির্জনলালিতা মিরান্দার সহিত রাজকুমার ফার্দিনান্দের প্রণয় তাপসকুমারী শকুন্তলার সহিত দুষ্মন্তের প্রণয়ের অনুরূপ" সমালোচক রবীন্দ্রনাথ অনুসরণে এই সাম্য কীভাবে দেখানো হয়েছে, আলোচনা করো। ১৫

অথবা,

"রামায়ণে ভারতবর্ষ যাহা চায়, তাহা পাইয়াছে" মহাকাব্যের সমালোচনায় রবীন্দ্রনাথ কীভাবে প্রাচীন ও সমসাময়িক সমাজকে একই ভাবনাসূত্রে গেঁথে দিয়েছেন, তা নিজের ভাষায় আলোচনা করো। ১৫

৪। "গীতের যে উদ্দেশ্য, যে কাব্যের সেই উদ্দেশ্য, তাহা গীতিকাব্য।" —বঙ্কিমচন্দ্র অবলম্বনে গীতিকাব্যের এই সংজ্ঞাটি ব্যাখ্যা করো। ১৫

Turn Over



অথবা,

"বাংলার লোক-জীবনে আজও সেই পুরনো বাস্তব সভ্যতার দান রয়েছে"—কি কি উদাহরণের সাহায্যে প্রাবন্ধিক তাঁর বক্তব্যকে পরিস্ফুট করেছেন, আলোচনা করো। ১৫

৫। "ভারতচন্দ্রের সাহিত্যের প্রধান রস কিন্তু আদিরস নয়, হাস্যরস"—সমালোচক প্রমথ চৌধুরীর এই মতামত কতদূর সমর্থনযোগ্য? ১৫

অথবা,

"রবীন্দ্রনাথে হাস্যরস নেই—কেননা, রবীন্দ্রনাথ গীতিকবি এবং গীতিকাব্যের কেতাবি লক্ষণে হাস্যরস গণ্য হয় না"—সমালোচক বুদ্ধদেব বসু এই 'ফর্মুলা মাফিক' মন্তব্যকে কীভাবে নস্যাৎ করেছেন, তাঁর প্রবন্ধ অবলম্বনে আলোচনা করো। ১৫

৬। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

(ক) 'রবীন্দ্র জিজ্ঞাসু যিনি তাঁর কাছে ছিন্নপত্রাবলী হয়ে উঠতে পারে এক আশ্চর্য মায়ামুকুর'— সমালোচকের এই মন্তব্যের আলোকে রবীন্দ্রজীবন ও সাহিত্যের ক্ষেত্রে ছিন্নপত্রের গুরুত্ব বুঝিয়ে দাও। ১০

(খ) 'ঐ যে মস্ত পৃথিবীটা চুপ করে পড়ে আছে'—পত্রে রবীন্দ্রনাথের মর্ত্যপ্রীতির পরিচয় দাও ১০

(গ) রবীন্দ্রনাথের কোন্ কোন্ কাব্যের প্রবেশক রূপে ছিন্নপত্রের গুরুত্ব আলোচনা করো। ১০

(ঘ) ছিন্নপত্রের চিঠিগুলিতে সৌন্দর্যসাধক রবীন্দ্রনাথের যে পরিচয় ফুটে ওঠে তার বর্ণনা দাও। ১০

———